



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাজেট শাখা



আওতাধীন দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান।

সভাপতি	বেগম রাশেদা জামান যুগ্মসচিব
সভার তারিখ	২১/১০/২০২১ খ্রি.
সভার সময়	সকাল ১০:০০ টা
স্থান	কক্ষ নং ৫০৬/এ, ভবন নং ৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি সরকারি কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও কর্মকৃতি (Performance) নিশ্চিত করার লক্ষ্যে শুদ্ধাচার সম্পর্কে গুরুত্ব দিয়ে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের সহকারী সচিব (বাজেট) আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০২। সহকারী সচিব (বাজেট) মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিটি দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ১ম ত্রৈমাসিক প্রতিবেদন একে একে সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় গুরুত্বপূর্ণ মতামত প্রদানের জন্য সকলকে সভাপতি ধন্যবাদ জ্ঞাপন করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) দপ্তর/সংস্থা কর্তৃক ২২ জুন ২০২২ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানপূর্বক পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করার পূর্ববর্তী সিদ্ধান্ত বহাল রাখা হয়; এবং

খ) দপ্তর/সংস্থাসমূহের মাঠ পর্যায়ের অফিস বা আওতাধীন ফেডারেশন/ক্রীড়া সংস্থার গৃহীত কার্যক্রমগুলো যেন সঠিকভাবে বাস্তবায়িত হয় সেরূপ কার্যক্রম গ্রহণ করতে হবে এবং অনতিবিলম্বে দপ্তর/সংস্থা সমূহের ১ম কোয়ার্টারে অর্জিত সফলতা বিষয়ে সকল প্রমাণক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০৪। সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

বেগম রাশেদা জামান
যুগ্মসচিব


স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৫.০৫.০১০.২১.৬৩৭

তারিখ: ৮ কার্তিক ১৪২৮

২৪ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২) মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।
- ৩) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
- ৪) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
- ৫) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
- ৬) জনাব রাশেদা জামান, যুগ্মসচিব (প্রশাসন) ও শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৭) উপসচিব (ক্রীড়া) ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৮) সিনিয়র সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৯) সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।



এস. এম. হুমায়ুন কবির
সহকারী সচিব